

3 (Sem-6) BEN M 1

2 0 1 4

BENGALI

(Major)

Paper : 6·1

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও :

১×৭=৭

(ক) “পুষ্প ফুটে কোন্ কুঞ্জবনে” গানটি ‘রাজা’ নাটকে কোন্ চরিত্র গেয়েছে ?

(খ) “দেখো হে ভণ্ড, উপায় জিনিসটাই হচ্ছে হীন।” কাঞ্চীরাজ কাকে ‘ভণ্ড’ বলে অভিহিত করলেন ?

(গ) ‘রাজা’ নাটকের দৃশ্য সংখ্যা হল

(১) বারো, (২) পনেরো, (৩) বিশ, (৪) বাইশ

(সঠিক উত্তর দাও)

(ঘ) ‘ব্রাহ্মণ’ কবিতার সত্যকাম ছিল ‘কুশক্ষেত্রবাসী।’

(শুদ্ধ না ভুল লেখো)

(ঙ) রাখালের মায়ের (‘দেবতার গ্রাস’) নাম কী ?

- (চ) 'ব্রাহ্মণ' কবিতার আরম্ভে কোন্ নদীর কথা আছে ?
 (ছ) অনাথাপিণ্ড বুদ্ধদেবের একজন প্রধান শিষ্য ছিলেন।
 কোন্ কবিতায় তাঁর উল্লেখ আছে ?

২। অতি সংক্ষেপে উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) 'রাজা' নাটকে ঠাকুরদা কখন যোদ্ধবেশে প্রবেশ করেছিলেন ?
 (খ) 'রাজা' নাটকের স্বয়ংবর সভায় উপস্থিত রাজাদের যে কোনো দুজনের রাজ্যের নাম লেখো (কাঞ্চী ব্যতীত)।
 (গ) রাজার কাননে ('অভিসার') তিন ধরনের ফুল ফোটান কথা আছে, তার থেকে দু-ধরনের ফুলের নাম লেখো।
 (ঘ) "কেবল বুড়া রাজা প্রতাপ রায় — মতো বসিয়া আছে,
 — ছাড়া কাহারও গান ভালো না লাগে তাহার কাছে।"
 (শূন্যস্থান পূর্ণ করো)

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো তিনটি) : $৫ \times ৩ = ১৫$

- (ক) "তোমারই মধ্যে আমার উপমা আছে।" 'রাজা' নাটকে কে, কাকে, কোন্ প্রসঙ্গে এমনটি বলেছিলেন ?
 (খ) "সুদর্শনা—যুদ্ধ এখনো চলছে?" কোন্ যুদ্ধের কথা বলছেন সুরঙ্গমা ? কারা এ যুদ্ধে লিপ্ত ?
 (গ) টীকা লেখো : সুবর্ণ ('রাজা')
 (ঘ) টীকা লেখো : মহর্ষি গৌতম
 (ঙ) "আজি রজনীতে হয়েছে সময় এসেছি বাসবদত্তা!"

উক্তিটি কার ? 'সময়' বলতে কী বোঝানো হয়েছে, লেখো।

- ৪। (ক) 'রাজা' নাটকে সুরঙ্গমা চরিত্রের অবতারগার সার্থকতা কী, বিশ্লেষণ করো। ১০

অথবা

- (খ) 'রাজা' নাটকে প্রযুক্ত গানগুলির গুরুত্ব বিচার করো।

- ৫। (ক) "যেখানে প্রেম নাই, বোবার সভা, সেখানে গান নাই জাগে।" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশদ করো। ১০

অথবা

- (খ) 'পূজারিনী'তে ভক্তি ও নিষ্ঠুরতার যে সাদা-কালো ছবিটি চিত্রিত হয়েছে, তার বিবরণ দিয়ে একটি আলোচনা প্রস্তুত করো।

- ৬। (ক) 'রাজা' নাটকে 'অন্ধকার ঘর'-এর উপস্থাপনার গুরুত্ব বিচার করো। ১০

অথবা

- (খ) 'দেবতার গ্রাস' কবিতায় সাগর সঙ্গমে যাবার পূর্ব পর্যন্ত যে সব কথা ও কাজের সঙ্গে পরিচিত হয়েছে, নিজের ভাষায় তার একটি বিবরণ দাও।
